বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোন : ৯৫৫৭৯৮৮
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২
৯৫৬০০৩১-৩৫
(এক্সটেনশন-৩৪৪)
e-mail : dgmpid@krishibank.org.bd

## প্রজেক্ট ক্রেডিট বিভাগ

বিকেবি-প্রকা/প্রক্রেবি-৩(৩৮)দুগ্ধ উৎপাদন/২০১৬-২০১৭/২২৯ তারিখঃ ২০.১১.২০১৬

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়সমূহ
বাংলাদেশ কৃষি ব্যাংক

" পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন"
তাগিদপত্র-১
"Better me-better BKB"

বিষয় ঃ ৫% সুদহারে "দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে" ৫বছর মেয়াদী আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় বাজেট বরাদ্দসহ ঋণ বিতরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বিকেবি ওয়েব মেইল এর ক্রমিক নং-৯৮ এর মাধ্যমে অত্র বিভাগের ২৭.০৯.২০১৬ তারিখের পত্র নং-বিকেবি-প্রকা/প্রক্রেবি-৩(৩৮)দুগ্ধ উৎপাদন/২০১৬-২০১৭/১২৭ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা হলো।

০২। উক্ত পত্রে ৫% সুদহারে দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে ৫বছর মেয়াদী আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় বাংলাদেশ ব্যাংক হতে প্রাপ্ত ৩৫.০০ কোটি টাকা বিভাগওয়ারী বন্টনের তথ্যাদি ও তৎপ্রেক্ষিত ৩০.০৬.২০১৬ তারিখ ভিত্তিক অর্জনের তথ্যাদির উল্লেখ করা হয়েছিল। তাছাড়া উক্ত বাজেটের অবিতরণকৃত বাজেট স্থিতি ২০১৬-২০১৭ অর্থ বছরের বাজেট হিসাবে বিবেচনার জন্য উপরোক্ত পত্রের মাধ্যমে মাঠ কার্যালয়কে জানিয়ে দেয়া হয়।

০৩। উল্লেখ্য যে, বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গর্ভনর জনাব এস কে সুর চৌধুরীর সভাপতিত্বে বর্ণিত স্কীমের আওতায় সকল ব্যাংকের নির্বাহীদের নিয়ে ৩১.০৮.২০১৬ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আলোচ্য খাতে বাংলাদেশ কৃষি ব্যাংকের ঋণ বিতরণ হার পর্যালোচনা করে অসন্তোষ প্রকাশ করা হয়। অত্র কার্যালয়ের উপরোক্ত পত্রের মাধ্যমে আগামী ৩১শে ডিসেম্বর/২০১৬ তারিখের মধ্যে মাঠ কার্যালয়সমূহকে লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন করার জন্য অনুরোধ করা হয়।

০৪। বর্তমান ২০১৬-২০১৭ অর্থ বছরের ৫% সুদহারে দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে ৫বছর মেয়াদী পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় লক্ষ্যমাত্রার আলোকে সংশ্লিষ্ট বিভাগগুলো থেকে টেলিফোনে প্রাপ্ত তথ্য অনুযায়ী ৩১.১০.২০১৬ তারিখ পর্যন্ত নিম্নবর্ণিত বর্ণনা অনুযায়ী ঋণ বিতরণ করা হয়েছে যা অত্যন্ত হতাশাব্যঞ্জক ঃ (লক্ষ টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | লক্ষ্যমাত্রা | ৩০.০৬.২০১৬ পর্যন্ত | | লক্ষ্যমাত্রা | ৩১.১০.২০১৬ পর্যন্ত | |
|---|---|---|---|---|---|---|---|
| | | ২০১৫-২০১৬ | অর্জন | হার | ২০১৬-২০১৭ | অর্জন | হার |
| ০১। | ঢাকা | ৫০০.০০ | ৭৮.৬০ | ১৫.৭২% | ৪২১.৪০ | ১১৮.৮০ | ২৮.১৯% |
| ০২। | ময়মনসিংহ | ৫০০.০০ | ১০৩.৩৩ | ২০.৬৬% | ৩৯৬.৬৭ | ৪.০০ | ১% |
| ০৩। | চট্টগ্রাম | ৪০০.০০ | ৩১.২০ | ৭.৮০% | ৩৬৮.৮০ | ১.৯০ | ০.৫১% |
| ০৪। | বরিশাল | ৩০০.০০ | ৩৫.২৯ | ১১.৭৬% | ২৬৪.৭১ | ২.০০ | ০.৭৫% |
| ০৫। | খুলনা | ৪০০.০০ | ৭৩.৫৫ | ১৮.৩৯% | ৩২৬.৪৫ | ০.৪০ | - |
| ০৬। | সিলেট | ৩০০.০০ | ৩০.৩৭ | ১০.১২% | ২৬৯.৬৩ | ৪.০০ | ১.৪৮% |
| ০৭। | কুমিল্লা | ৫০০.০০ | ১০৩.৮০ | ২০.৭৬% | ৩৯৬.২০ | ৬৮.০০ | ১৭.২৬% |
| ০৮। | ফরিদপুর | ৩০০.০০ | ৪৪.০০ | ১৪.৬৬% | ২৫৬.০০ | ০.৪০ | - |
| ০৯। | কুষ্টিয়া | ৩০০.০০ | ৭৮.৯৫ | ২৬.৩১% | ২২১.০৫ | ৬.০০ | ২.৭১% |
| | মোট | ৩৫০০.০০ | ৫৭৯.০৯ | ১৬.৫৪% | ২৯২০.৯১ | ২০৫.৫০ | ৭.০৩% |

০৫। এমতাবস্থায়, ৫% সুদহারে দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার বিপরীতে অনেক পিছিয়ে রয়েছে বিধায় দ্রুততম সময়ে বর্ণিত খাতে সকল কলাকৌশল প্রয়োগের মাধ্যমে ১০০% অর্জন নিশ্চিত করার জন্য সদয় অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,

২৮/১১/২০২৩

(প্রকৌঃ মনীন্দ্র চন্দ্র মণ্ডল)
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতির জন্য প্রেরিত হলো ঃ

০১। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৩। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
০৪। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। (উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০৫। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৬। সকল শাখা ব্যবস্থাপক বিকেবি, (মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক এর মাধ্যমে)
০৭। অফিস নথি/ মহানথি।